

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৪৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (৩৩) ইস্তিসকা বা পানি প্রার্থনার সালাত - অনাবৃষ্টির সময় মানুষের জন্য মুস্তাহাব হলো সৎকর্মশীল মানুষদের কাছে মুসলিমদের জন্য পানি প্রার্থনা ও দু'আ আবেদন করা

33 _ بَابُ صَلَاةِ الْاسْتِسْقَاءِ _ ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ عِنْدَ وُجُودِ الْجَدْبِ أَنْ يَسْأَلَ الصَّالِحِينَ الدُّعَاءَ وَالِاسْتِسْقَاءَ لِلْمُسْلِمِينَ

আরবী

2846 ـ أَخْبُرَنَا عُمَرُ بْنُ سَعِيد بْنِ سِنَانِ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِك عَنْ شَرِيك بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي نَمِرٍ عَنِ أَنسِ بْنِ مَالِك أَنَّهُ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ هَلَكَت الْمُوَاشِي وَتَقَطَّعَت السَّبُلُ فَادْعُ اللَّهَ فَدَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فَمُطِرْنا مِنَ الْجُمُعَةِ إِلَى الْجُمُعَةِ قَالَ: فَجَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ تهدَّمت الْبُيُوتُ وَهَلَكَت رَجُلٌ إِلَى النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ تهدَّمت الْبُيُوتُ وَهَلَكَت وَهَلَكَت اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (اللهم على رؤوس الْجَبَالِ الْمُواشِي فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقالَ: (اللهم على رؤوس الْجبَالِ وَالْآكَامِ وَيُطُونِ الْأَوْدِيَةِ وَمَنَابِتِ الشَّجَرِ) قَالَ: فانجابت عن المدينة انجياب الثوب. وَالْآكَامِ وَيُطُونِ الْأَوْدِيَةِ وَمَنَابِتِ الشَّجَرِ) قَالَ: فانجابت عن المدينة انجياب الثوب. الراوي : أَنس بْن مَالِكُ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2846 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2/ 2846) : ق. (1066) ، ((الإرواء)) (2/ 144/161) : ق.

বাংলা

২৮৪৬. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, গবাদি পশুগুলো ধ্বংস হয়ে গেছে, রাস্তা-ঘাট বিচ্ছিন্ন হয়ে গেছে, অতএব আপনি আল্লাহর কাছে দু'আ করুন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু'আ করেন।



আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, "অতঃপর সেই জুমু'আহ থেকে পরের জুমু'আহ পর্যন্ত আমাদের বৃষ্টি দেওয়া হয়।"

আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "অতঃপর এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, বাড়ি-ঘর সব ধ্বসে গেলো, গবাদি পশুগুলো ধ্বংস হয়ে গেলো!" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়িয়ে বলেন, " "হে আল্লাহ, টিলা, পর্বত, উপত্যকা, বৃক্ষ উৎপাদনের জায়গায় বৃষ্টি বর্ষন করুন।"

রাবী বলেন, "অতঃপর মদীনার আকাশ কাপড়ের মতো পরিস্কার হয়ে যায়।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১৯১; সহীহ বুখারী: ১০১৬; সহীহ মুসলিম: ৮৯৭; আবূ দাউদ: ১১৭৫; নাসাঈ: ৩/১৬১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩২২; সুনান বাইহাকী: ৩/৩৫৫; বাগাবী, শারহুস সুনাহ: ১১৬৬; মুসনাদ আহমাদ: ৩/২৫৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৬৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন